স্বাক্ষরিত জুলাই সনদ পুরোপুরি বাস্তবায়ন করবে সরকার: মাহ্‌দী আমিন



মাহদী আমিন। ছবি: সংগৃহীত

স্বাক্ষরিত জুলাই সনদের সব বিষয় শতভাগ কার্যকরের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে সরকার। সনদ বাস্তবায়নে রাজনৈতিক দলগুলোর মধ্যে বিদ্যমান ঐক্য আরও জোরালো হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও তাঁর কার্যালয়ের মুখপাত্র মাহ্‌দী আমিন।

সোমবার (২৩ নভেম্বর) দুপুরে সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রতিনিধিদলের বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

মাহ্‌দী আমিন বলেন, জুলাই সনদ বাস্তবায়নে যে রাজনৈতিক ঐক্য তৈরি হয়েছে, তা আরও সুদৃঢ় হবে। স্বাক্ষরিত সনদের প্রতিটি বিষয় শতভাগ বাস্তবায়ন করা হবে।

এনসিপির সঙ্গে আলোচনার বিষয়ে তিনি বলেন, মতবিনিময়ের মধ্য দিয়ে ফ্যাসিবাদের বিরুদ্ধে দেশের মানুষের ঐক্যের বিষয়টি আরও স্পষ্ট হয়েছে।

এর আগে দুপুর ১টার দিকে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিসভা কক্ষে প্রধানমন্ত্রীর সঙ্গে এনসিপির নেতাদের বৈঠক শুরু হয়। দলটির আহ্বায়ক নাহিদ ইসলামের নেতৃত্বে প্রতিনিধিদলে ছিলেন সদস্য সচিব আখতার হোসেন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক হাসনাত আবদুল্লাহ ও যুগ্ম আহ্বায়ক আকরাম হোসেন।

LENS ASIA